

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১ (প্রশাসন ও অর্থ)  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৪০.১২.০৩০.১৭-৪৩৯


তারিখঃ ১৫ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৯.০৬.২০২০ তারিখের ৮০.০০.০০০০.১০৯.১২.০২.২০২০-৪৪ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কম্পিউটার অপারেটর জনাব মোঃ ওয়াহিদুজ্জামান-কে 'ব্যক্তিগত কর্মকর্তা' এবং সীট-মুদ্রাস্করিক কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ মজিবুর রহমান-কে 'প্রশাসনিক কর্মকর্তা' পদে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ -এর তফসিল ০১ এর ৫ (ক) অনুযায়ী 'ব্যক্তিগত কর্মকর্তা' এবং ৪ (ক) অনুযায়ী 'প্রশাসনিক কর্মকর্তা' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ -এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে নিম্নোক্ত শর্তে পদোন্নতি প্রদান করা হলোঃ

শর্তাবলীঃ

- (ক) সংশ্লিষ্ট বিধিমালার ৬(১) (খ) বিধি মোতাবেক তারা ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ শিক্ষানবিসকাল অতিরিক্ত ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবে;
- (খ) সংশ্লিষ্ট বিধিমালার ৬(২) (খ) বিধি মোতাবেক শিক্ষানবিস থাকাকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে পদাবনত (Revert) করতে পারবে; এবং
- (গ) শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকরি স্থায়ী করা হবে।

  
(মীর জাহিদ হোসাইন)

যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)

☎: ৪১০৫০১৩০

[jstmed7@gmail.com](mailto:jstmed7@gmail.com)

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধসহ)।

নং- ৫৭.০০.০০০০.০৪০.১২.০৩০.১৭-৪৩৯

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (নিরাপত্তা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (সকল)/উপপ্রধান (পরিকল্পনা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৪. জনাব মোঃ ওয়াহিদুজ্জামান, ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. জনাব মোঃ মজিবুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. অফিস কপি।